[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উপদেষ্ট সদস্য মাও. আব্দুল কাদের।

তিনি বলেন, সাম্প্রতিক সময়ে তেঁতুলবাড়ীয়া দয়েরপাড়া জামে মসজিদের মেহরাবে কালেমা তৈয়বা “লা ইলাহা ইল্লাল্লাহ মাহাম্মদুর রাসুল্লাহ” লেখা টাইলসটি ভেঙ্গে ফেলার মধ্য দিয়ে আল্লাহ ও রাসুলকে অবমাননা করা হয়েছে। আহলে হাদিস মতাবলম্বী শিহাব আলী, একাতারুল মোল্লা, দেলোয়ার হোসেন, আব্দুল্লাহ আল মামুন বকুল এবং মসজিদ কমিটির পক্ষে শফিকুল ইসলাম ওরফে শফি, হাবিবুর রহমান, রমজান আলী, শাহাজান মুন্সি রাতের আধারে কালিমা তৈয়বা লেখা টাইলসটি ভেঙ্গে সারা পৃথিবীর কোটি কোটি ধর্মভীরু মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ করেছেন। তাই মেহেরপুর জেলা উলামা পরিষদ ও তৌহীদী জনতার পক্ষ থেকে ধর্মীয় অনুভূতিতে আঘাত হানা ব্যক্তিদের দৃষ্টান্তমূলক সাজা দাবি করা হয়। এ ঘটনার সাথে জড়িতদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে আল্লাহ পাকের ও রাসুলে পাক (স.) এঁর মান ও শান রক্ষার জন্য সাংবাদিক, পুলিশ ও প্রশাসনের সংশ্লিষ্ঠদের সহযোগিতা কামনা করেন সংবাদ সম্মেলনকারীরা।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন জেলা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মাও. মুফতি হাফিজুর রহমান, সিনিয়র সহ সভাপতি মাও. শফিকুল ইসলাম ও মাও. খাদেমুল ইসলাম ও গাংনী দারুচ্ছালাম জামে মসজিদের ঈমাম হাফেজ রুহুল আমিন।
অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন মাও. জাবের হোসেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মাও. সাদেক আলী।

গাংনীতে ছাত্রলীগের বৃক্ষরোপণ কর্মসূচি

মেহেরপুরের গাংনীতে ছাত্রলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। বৃহস্পতিবার সকালে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের ততত্বাবধানে কলেজ ছাত্রলীগের সভাপতি ও মেহেরপুর জেলা ছাত্রলীগের উপ-ক্রিড়া সম্পাদক

শামীম আহম্মেদ ও গাংনী পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক ওয়ালিল আল যাবীর প্লাবন এর নেতৃত্বে ১ হাজার বৃক্ষরোপণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবহান। উদ্বোধক হিসাবে কর্মসূচী উদ্বোধন করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহাজাহান আলি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ন-সাধারন সম্পাদক আসিফ ইকবাল অনিকের, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সাইফ হাসান কৌশিক, যুগ্ন-সাধারন সাধারন সম্পাদক তপু রাইহান রবিন, জেলা ছাত্রলীগের ত্রাণ ও দূর্যোগ বিষয়ক সম্পাদক স্বাধীন,ছাত্র বৃত্তি সম্পাদক হিরোক খান,সহ সম্পাদক মেহেদী হাসান,গাংনী পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক ওয়ালিল আল যাবীর প্লাবন,গাংনী পাইলট কলেজ ছাত্রলীগের যুগ্ন-সাধারন সম্পাদক তুহিন রেজা,ছাত্রলীগ নেতা মোস্তাফিজুর,মুন্না,ইমন,হ্নদয় প্রমুখ।

মেপ্র/এমএফআর

গাংনীতে উপসর্গে মৃত জুবাইদা করোনা আক্রান্ত ছিলেন

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে মারা যাওয়া জুবাইদা খাতুন
(৭২) করোনা পজেটিভ ছিলেন।
বুধবার রাত দশটায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার মো: রিয়াজুল আলম। তিনি জানান, পশু হাসপাতাল পাড়ার আব্দুল গনির স্ত্রী জুবাইদা খাতুন গত মঙ্গলবার সকালে তার নিজ বাড়িতে করোনা উপসর্গ নিয়ে মারা যায়। পরে তার নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হলে সেখান থেকে জুবাইদা খাতুন আক্রান্ত মারা গেছে বলে নিশ্চিত করা হয়।
এছাড়া করোনা আক্রান্তে মৃত জোবাইদার ছেলে আক্তারুজ্জামান চঞ্চল,বড় ছেলে বাচ্চুর স্ত্রী স্বাস্থ্য কর্মী ফারহানা ও মেয়ে

নুসরাত জাহান সম্প্রতি করোনা আক্রান্ত হয়েছে। এ নিয়ে গাংনী উপজেলায় মোট আক্রান্তের সংখ্যা ৩৮। মৃত ৩। সুস্থ ১৫ জন।

গাংনীতে ক্ষতিগ্রস্থ পরিবার কে অনুদান প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলা শিল্পকলা একাডেমি উন্নয়নে নগদ ২ লক্ষ টাকা অর্থিক সহায়তা , ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্প থেকে ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবার ও প্রতিষ্ঠানকে ৩ লক্ষ টাকা এবং ১০০ বান্ডিল ঢেউটিন প্রদান করা হয়েছে।

বুধবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে এ অনুদান প্রদান কার্যক্রম শুরু করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আর এম সেলিম শাহনেওয়াজ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, এ উপজেলার অনেকেই গুণী শিল্পী রয়েছেন। যারা দেশের বিভিন্ন বেতার ও টেলিভিশন অঙ্গনে সুনাম অর্জন করেছেন।

সরকারিভাবে তাদেরকে তেমন কোন সহায়তা করা সম্ভব হয়নি। শিল্পকলার উন্নয়ন ও প্রশিক্ষকদের পাশে দাঁড়ানোর লক্ষে আর্থিক সহায়তা প্রদান করেন। তবে সুযোগ সৃষ্টি হলে তিনি শিল্পকলা একাডেমির উন্নয়নে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি ব্যাক্ত করেন।

আজ তিনি টিআর (কাবিখা) প্রকল্প থেকে শিল্পকলা একাডেমিতে বাদ্যযন্ত্র ক্রয়বাবদ এক লক্ষ টাকা এবং ওস্তাদ রতন সরকারকে ৫০ হাজার এবং প্রশিক্ষক সেলিম হোসেন কে ৫০ হাজার টাকা প্রদান করেন।

অপরদিকে এই উপজেলায় আম্পান ঘুর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ ৮৩টি ব্যক্তি ও প্রতিষ্ঠানে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রকল্প থেকে নগদ ৩ লক্ষ টাকা এবং ১০০ বান্ডিল ঢেউ টিন বিতরণ করেন। এ সময় গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি) ইয়ানুর রহমান,

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনী সাব-রেজিষ্টার অফিস পরিদর্শনে এমপি সাহিদুজ্জামান খোকন

গাংনী সাব-রেজিষ্টার অফিসে সকল কাজ কর্ম সরকারি নিয়মেই হবে। এর ব্যাতায় ঘটলে তার দায়ভার অফিস প্রধানকেই বহন করতে হবে। আগে যা হয়েছে তা করার চেষ্টা করবেননা বলে সাব-রেজিষ্টার কার্যালয়ের কর্মকর্তা, কর্মচারি ও মহুরাদের নির্দেশনা দেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বুধবার সকালে মেহেরপুর -২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন গাংনী উপজেলা সাব-রেজিষ্টারের কার্যালয় পরিদর্শন কালে দুর্নীতি মুক্ত অফিস পরিচালনায় কর্মকর্তা কর্মচারিদের উদ্দেশ্য করে তিনি এসব কথা বলেন।

এসময় উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা,গাংনী থানার ওসি ওবায়দুর রহমান,আওয়ামীলগ নেতা মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

গাংনী সাব-রেজিষ্টার অফিসে সরকারি নিয়মনীতির তোয়াক্কা না করে জমি রেজিষ্ট্রি,দলিলের ফটো কপি,নকল গ্রহন অতিরিক্ত টাকা আদায়, ফাইলিং খরচ দ্বিগুন করে সাব রেজ্ষ্টিার তার অফিস পরিচালনা করছেন এমন অভিযোগ পেয়ে সাংসদ সাহিদুজ্জামান খোকন অফিস পরিদর্শনে যান।

সেখানে সাব-রেজিষ্ট্রার মাহফুজ রানার সাথে কথা বলেন। সরকারি নির্ধারিত মুল্য তালিকা টাঙ্গানোর বিষয়ে তিনি বলেন, এক পার্সেন্ট টাকা সরকারি ভাবে কমানোর কথা, সেই নতুন তালিকা চার্টার জনসম্মুখে রাখার পরামর্শ দেন। নাম প্রকাশে অনিচ্ছুক ভুক্তভোগীদের অভিযোগ মাহফুজ রানা গাংনী সাব রেজিষ্টার হিসেবে

যোগদানের পর থেকে জনদুর্ভোগ বেড়েছে। এছাড়াও হ্যান্ড মাইক ক্রয় বাবদ তিনি দুই কার্য দিবস দলিল প্রতি ১৫০ টাকা করে অতিরিক্ত নিয়েছেন বলে অভিযোগ করেন স্থানীয়রা।

গাংনী সাবরেজিষ্ট্রার অফিসের দলিল লেখক সমিতির সভাপতি ফাকের আলী জানান, হ্যান্ড মাইক ক্রয় বাবদ টাকা নেয়া হয়েছিল কিন্তু কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা একটি হ্যান্ড মাইক আমাদের উপহার দিয়েছেন। তবে উত্তোলনকৃত টাকা পাবলিক টয়লেট পরিস্কার পরিচ্ছন্ন কর্মিকে বেতন বাববদ দেয়া হয়েছে।

সাব-রেজিষ্টার মাহফুজ রানা বলেন, আমি এখানে যোগদানের পর থেকে সব কিছু একটা পরিবেশের মধ্যে রাখার চেষ্টা করছি। অনেকেই অনেক ভাবে আমার বিরুদ্ধ মিথ্যা তথ্য উপস্থাপন করতে পারে। তবে খুব শিঘ্রই গাংনী সাব-রেজিষ্টার অফিস বাংলাদশের মধ্যে দুর্নিতি মুক্ত অফিস হিসেবে উপহার দিয়ে দৃষ্টান্ত স্থাপন করতে আমি আশাবাদি।

মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, গাংনীর মানুষ খুব-ই স্বল্প আয়ের মানুষ। অনেকেই কষ্ট করে টাকা পয়সা জোগাড় করে মাথা গোজার জন্য এক টুকরা জমি কিনতে গিয়ে হয়রানি হচ্ছে এবং অতিরিক্ত টাকা গুনতে হচ্ছে।

এমন অভিযোগের ভিত্তিতে এবং নানা ধরনের গুঞ্জন শুনে আমি সাব-রেজিষ্টারের সাথে কথা বলেছি যাতে সরকারি নির্ধারিত খরচে মানুষ কাজ করতে পারে। কোন সিন্ডিকেট করে মানুষকে জিম্মি করা যাবেনা এবং দুর্নীতিমুক্ত সাব-রেজিষ্টার হিসিবে গাংনীর নামটা যেন উজ্জল হয় সে বিষয়েও দিক নির্দেশনা দেন এমপি সাহিদুজ্জামান খোকন।

বিএনপি নেতা অ্যাড. আব্দুস সালামের মৃত্যুতে জেলা বিএনপির

শোক

মুক্তিযোদ্ধা দলের সাবেক কেন্দ্রীয় সদস্য ও সাবেক ভাইস চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালামের মৃত্যুতে শোক ও দুঃখ প্রকাশ করেছেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

গতকাল মঙ্গলবার রাতে এক শোকবার্তায় মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, “সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ এবং বাংলাদেশী জাতীয়তাবাদী দর্শণে গভীরভাবে আস্থাশীল মরহুম আব্দুস সালাম মেহেরপুর জেলা বিএনপি-কে শক্তিশালী, গতিশীল ও সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে নিবেদিতপ্রাণ হয়ে কাজ করেছেন।

এছাড়া বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে মানুষের গণতান্ত্রিক অধিকার আদায়ের প্রতিটি আন্দোলন সংগ্রামে তিনি যে সাহসিকতার পরিচয় দিয়েছেন তা বিএনপির স্থানীয় নেতাকর্মীদের নিকট অনুপ্রেরণা হয়ে থাকবে। আমরা তার মৃত্যুতে গভীরভাবে শোকাহত ও ব্যথিত হয়েছি।

মেহেরপুর জেলা বিএনপি শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান। প্রেস বিজ্ঞপ্তি

গাংনীর সাহারবাটিতে জেলা ছাত্রলীগের গাছের চারা রোপন ও বিতরণ

মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নে জেলা ছাত্রলীগের ৩ হাজার গাছের চারা রোপন ও বিতরণ

কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।

জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুলের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ অতূল, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজামান মনি প্রমুখ।

এসময় গাংনী উপজেলা ছাত্রলীগের নেতা আমিনুল ইসলাম সেন্টু, শিশির, জুবায়ের হোসেন উজ্জলসহ আওয়ামীলীগ, ছাত্রলীগ ও সাহারবাটি ইউনিয়নের বিভিন্ন শ্রেনিপেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথূলী ইউনিয়ন ছাত্রলীগের বৃক্ষ রোপন

মুজিব বর্ষ উপলক্ষে গাংনী উপজেলার কাথূলী ইউনিয়ন ছাত্রলীগের উদ্দ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে ধলা মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি মুজিবুল হক মানিকের সভাপতিত্বে উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন, পৌর ছাত্রলীগের সভাপতি ইমরান হাবিব ও ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার আহম্মেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ওষুধ কোম্পানির প্রতিনিধি করোনা আক্রান্ত

মেহেরপুরের গাংনীতে জাহিদুল ইসলাম (২৮) নামের এক ওষুধ কোম্পানির প্রতিনিধি করোনা আক্রান্ত হয়েছেন।

মঙ্গলবার রাত আটটায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম। করোনা আক্রান্ত জাহিদুল ইসলাম কাজিপুরের বাসিন্দা।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার মোঃ: রিয়াজুল আলম জানান, আক্রান্তের বাড়ি প্রশাসনের পক্ষ থেকে লকডাউন করা হবে। এছাড়া স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে আক্রান্ত ব্যক্তির সার্বক্ষণিক খোঁজ-খবর রাখা হচ্ছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডাক্তার মোহাম্মদ নাসির উদ্দিন জানান, কুষ্টিয়া পিসিআর থেকে ১৪ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এর মধ্যে একজন করোনা পজেটিভ। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়েছেন।

এ নিয়ে জেলায় মোট ৯৫ জন আক্রান্ত হলেন। এর মধ্যে সুস্থ্য ৩৪ জন, মৃত ৫ জন, রেফার্ড ৯ জন, চিকিৎসাধিন ৪৫ জন।